হলিউডের বাংলা পত্রিকা

একুশ

21 Ekush — Bangla Newspaper from Hollywood — Ekush.info

একুশ মানে : সামাজিক কু প্রথার বিরুদ্ধে আন্দোলন
একুশ মানে : বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে : ভ্রাতৃত্বের বন্ধন
একুশ মানে : সরাসরি কথা বলা
একুশ মানে : ঈর্ষা কাতরতা নয়
একুশ মানে : নন্দিত মনের সুন্দর ভুবন

একুশ নিউজ মিডিয়া
Ekush News Media
6362-302 Hollywood Blvd, Hollywood, CA 90028
(818) 266 7539 / (213) 925 4652 / Fax (877) 226-4524

আর যুদ্ধ নয়

একুশ রিপোর্ট : লস এঞ্জেলেসে ময়ূখ মিডিয়া কর্তৃক প্রযোজিত 'আর যুদ্ধ নয়' নামক বিজয় দিবস ভিত্তিক একটি ডকুমেন্টারী আগামী ১৬ ডিসেম্বর চ্যানেল আইতে লস এঞ্জেলেস সময় সন্ধ্যা ৬:০০ -৭:০০ মধ্যে মিনিটে সম্প্রচারিত হবে। উক্ত ডকুমেন্টারীতে স্বাধীনতার পতাকা উত্তোলনকারী আ স ম আব্দুর রবের অজানা তথ্যের দুর্লভ মুক্ত আলোচনা রয়েছে। 'আর যুদ্ধ নয়' পরিচালক জাহান হাসানের একটি সৃষ্টিধর্মী নির্মান। অনুষ্ঠানের উপস্থাপনায় রয়েছেন কাজী মশহুরুল হুদা।
(তারিখ ও সময় পরিবর্তন হতে পারে । বিস্তরিত দেখুন বাংলা ডট ইনফো তে)

Volume 01, Issue 17, December 14, 2006 ■ Hollywood, California, USA ■ www.ekush.info ■ Bengali Community Newspaper ■ ডিসেম্বর ১৪, ২০০৬, বৃহস্পতিবার : ■ অগ্রহায়ণ ৩০, ১৪১৩

ভোট হবে কবে?

সবাই বলে পেছাতে, ৪ দল চায় আগাতে, ইসির কণ্ঠে ৪ দলের সুর

ঢাকা প্রতিবেদক : ৪ দলীয় জোট ছাড়া দেশের সকল রাজনৈতিক দল ও জোট নির্বাচন পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছে। ১৪ দল, ইসলামী ঐক্যজোট ও জাকের পার্টি ৪৬ দিন এবং লিবারেল ডেমোক্রেটিক পাটি (এলডিপি) নির্বাচন ২ মাস পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছে। আর জাতীয় পার্টির (এরশাদ) দাবি নির্বাচন অন্তত ৩০ দিন পেছাতে হবে। তবে নির্বাচন কমিশন বলেছে, রাজনৈতিক দলগুলো চাইলেও ভোট গ্রহণের তারিখ পেছানোর, কোনো সুযোগ নেই। পৃ. ৫

উপদেষ্টা শর্তসাপেক্ষে নিযুক্ত

হাওয়া ভবন–বঙ্গভবন সিন্ডিকেটের আবিষ্কার
প্রধান উপদেষ্টা রাষ্ট্রপতি ইয়াজউদ্দিনের প্রতি অনাস্থা জানিয়ে ৪ উপদেষ্টা পদত্যাগ করার পরপরই শূন্যপদ পূরণের জন্য মাঠে নামে হাওয়া ভবন আর বঙ্গভবনের সিন্ডিকেট। পৃ. ৫

মার্কিন সহকারী মন্ত্রীর প্রস্তাব

ড. ইউনূসের সঙ্গে একযোগে কাজ করতে আগ্রহী যুক্তরাষ্ট্র পৃ. ৭

শরিকদের জোটে ধরে রাখা নিয়ে বিপাকে বিএনপি

নির্বাচনী তফসিল ঘোষণার পরপরই বিএনপির কাছে আসন দাবি করে তালিকা পাঠিয়েছে চারদলীয় জোটের শরিকরা। সর্বশেষ হিসেবে শরিকদের দাবি অনুযায়ী এই সংখ্যা শতাধিক হওয়ায় জোট ধরে রাখা নিয়ে বিপাকে পড়েছে বিএনপি। কারণ বিএনপি শরিকদের জন্য সর্বাধিক ৪৫টি আসন ছাড় দেয়ার সিদ্ধান্ত নিয়ে রেখেছিল। সে মোতাবেক নির্দিষ্ট ৪৫টি আসনে বিএনপি মনোনয়নপত্র বিক্রিও করেনি। পৃঃ ২

যুক্তরাষ্ট্রের উদ্বেগের কথা রাষ্ট্রপতিকে জানালেন বিউটেনিস

রাষ্ট্রপতি ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ইয়াজউদ্দিন আহম্মেদ মার্কিন রাষ্ট্রদূত পেট্রিসিয়া এ বিউটেনিসকে আশ্বস্ত করেছেন, আগামী নির্বাচনে সশস্ত্রবাহিনী কোনো একক দলের পক্ষে কাজ করবে না। প্রয়োজনের অতিরিক্ত সময় সেনাবাহিনী মাঠে থাকবে না। গতকাল দুপুরে প্রধান উপদেষ্টার সঙ্গে আধাঘণ্টা বৈঠক শেষে বঙ্গভবনের সামনে অপেক্ষমাণ সাংবাদিকদের একথা জানিয়েছেন বিউটেনিস। পৃ. ৫

সেনাবাহিনীর গোয়েন্দারা মাঠে:

সেনাবাহিনীররাজধানীসহ সারা দেশের সন্ত্রাসীদের পিছু নিয়েছে। তালিকাভুক্ত সন্ত্রাসীদের সর্বশেষ অবস্থানের ব্যাপারে খোঁজখবর নিচ্ছে তারা। সন্ত্রাসীদের অস্ত্রভাণ্ডার এবং কে কোন্ রাজনৈতিক দল বা নেতার আশ্রয়ে রয়েছে এ ধরনের নানান তথ্য সেনা ক্যাম্পগুলোতে সংগ্রহ করা হচ্ছে। পৃ. ৫

পাক–আফগান সীমান্ত

তালেবান জঙ্গিদের স্বর্গরাজ্য: যুক্তরাষ্ট্র

পাক–আফগান সীমান্ত জঙ্গিদের অবাধ বিচরণ ক্ষেত্রে পরিণত হয়েছে বলে উদ্বেগ প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র। ওয়াশিংটন জানিয়েছে, সেখানকার পরিস্থিতি অত্যন্ত খারাপ। মার্কিন পররাষ্ট্র দফতরের মুখপাত্র ম্যাককরম্যাক বলেছেন, গত কয়েক মাসে আফগানিস্তানে তালেবান জঙ্গিদের কার্যকলাপ বেড়ে গেছে। পৃ. ৫

অবিচারই যুক্তরাষ্ট্রের বড় অপরাধী

গণতন্ত্র! গণতন্ত্র! বলে তারাই বেশি মাথা চাপড়ায়। 'গণতন্ত্র গেল!' রব তুলে বোমা ফেলতেও কার্পণ্য করে না। অথচ ভেতরের অন্যায় অবিচারের খবর নিতে তাদের যতো আলসেমী। কারো বিরুদ্ধে অভিযোগ উঠলেই হলো, বিচারের ধারে কাছে না গিয়ে কোনোরকম জেলে পুরতে পারলেই দেশজাতি রক্ষে! এ জন্যই গণতন্ত্রের আদর্শভূম (!) মার্কিন যুক্তরাষ্ট্রে এখন অন্য যেকোনো দেশের চেয়ে কারাবন্দির সংখ্যা বেশি। পৃ. ৭

সোভিয়েত ইউনিয়নের মতোই নিশ্চিহ্ন হয়ে যাবে ইসরায়েল : আহমাদিনেজাদ

ইরান ইস্যুতে নিরাপত্তা পরিষদের বৈঠক রাশিয়ার প্রত্যাখ্যান
ইরানের প্রেসিডেন্ট মাহমুদ আহমাদিনেজাদ হুঁশিয়ার করে বললেন সাবেক সোভিয়েত ইউনিয়নের মতোই নিশ্চিহ্ন হয়ে যাবে ইসরায়েল। তেহরানে হলোকাস্ট নিয়ে আন্তর্জাতিক সম্মেলনে তার এই বক্তব্য করতালির মাধ্যমে অভিনন্দিত হয়। পৃ. ৫

এরশাদের পাশেই থাকবেন রওশন

১৪ বা ৪ দলীয়, জাতীয় পার্টি যে জোটেই যাক না কেন শেষ পর্যন্ত দলীয় চেয়ারম্যান এরশাদের সিদ্ধান্তের বাইরে যাবেন না পত্নী রওশন। তিনি প্রয়োজনে রাজনীতি থেকে অবসর নেবেন। তবুও স্বামীর পাশ ছাড়বেন না। জাপাকে চারদলীয় জোটভুক্ত করতে তিনি সর্বোচ্চ চেষ্টা চালাবেন। ব্যর্থ হলে স্বামী–স্ত্রী সম্পর্ক অটুট রাখতে রওশন রাজনীতিকে বিদায় জানাতে পারেন বলে নিজেই আভাস দিয়েছেন। পৃ. ৭

মুম্বাইয়ে হবে ২০১১ বিশ্বকাপের ফাইনাল

অবশেষে সমস্যার জট খুলেছে। ২০১১ বিশ্বকাপ ফাইনাল অনুষ্ঠিত হবে মুম্বাইয়ের ওয়াংখেড় স্টেডিয়ামে। এছাড়া একটি সেমিফাইনাল লাহোরের গাদ্দাফি স্টেডিয়ামে এবং অপরটি কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। বিশ্বকাপের উদ্বোধনী অনুষ্ঠান এবং ম্যাচ হবে ঢাকার মিরপুর শেরে বাংলা জাতীয় স্টেডিয়ামে। সোমবার আয়োজক চার দেশের ক্রিকেট কর্তাদের যৌথ বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে। পৃ. ৭

"বিজয়ের উল্লাস" ও "A Little Peace"

৩৫তম বিজয় দিবসে একুশ–এর লও সালাম পৃঃ ৮

বিজয়ের উল্লাস – শিল্পী মামুন রিয়াজীর তৈলচিত্র।



ন্যাশনাল জিওগ্রাফীর বিশেষ ফটোগ্রাফীক পিকচার বুক A Little Peace–এর প্রচ্ছদের জন্য বাংলাদেশী আলোকচিত্রী রাশেদ জামানের তোলা ছবি। ছবিটি প্রশান্ত ও আশাবাদী ইমেজের জন্য নির্বাচিত হয়। পৃঃ ৮

নরওয়ের শান্তিতে সিক্ত হলেন ইউনূস

একুশ রিপোর্ট : নিশিথ সূর্যের দেশ নরওয়ের রাজধানী অসলো। সেখানের সিটি হলে নোবেল শান্তি পুরস্কার প্রদান অনুষ্ঠানটিতে সিক্ত হলেন আমাদের বাংলার সোনার ছেলে ড. ইউনূস। সেখানে বাঙ্গালীদের একমাত্র আকর্ষণ ছিল বাংলা মায়ের কৃতী সন্তান ড. মুহাম্মদ ইউনূস।

গত ১৩ অক্টোবর ঘোষিত হওয়া নোবেল শান্তি পুরস্কারটি আনুষ্ঠানিকভাবে গ্রহণ করার জন্য সপরিবারে ড. মুহাম্মদ ইউনূস ও গ্রামীণ ব্যাংকের প্রতিনিধিরা গত ৮ ডিসেম্বর রাতেই পৌঁছেন নরওয়ের রাজধানী অসলোতে। তারপর থেকেই অসলোতে শুরু হয় 'ইউনূস উৎসব'। ১২ ডিসেম্বর নরওয়ের সময় বেলা ১টা থেকে ২.২৫ মিনিট (বাংলাদেশ সময় ৬টা থেকে ৭টা ২৫ মিনিট) শুরু হয় অসলোর সিটি হলে নোবেল শান্তি পুরস্কার প্রদানের অনুষ্ঠানটি। বাংলাদেশে 'বিটিভি' ও 'চ্যানেল আই' অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে। এই অনুষ্ঠানে প্রফেসর ইউনূস এবং গ্রামীণ ব্যাংকের পক্ষে ঋণগ্রহীতা ও পরিচালনা বোর্ডের সদস্য তসলিমা বেগম নোবেল শান্তি পুরস্কার গ্রহণ করেন। এই অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল প্রফেসর মুহাম্মদ ইউনূসের 'নোবেল বক্তৃতা'। নরওয়ের রাজা পঞ্চম হেরাল্ড এবং রানী সনা, স্পেনের রানী সোফিয়া, মেক্সিকোর সাবেক প্রেসিডেন্ট ভিনসেন্ট ফক্স ও তার স্ত্রী, সৌদি রাজপরিবারের প্রিন্স তালাল বিন আবদুল আজিজ, বিখ্যাত ফরাসি লেখক জ্যাক অ্যাটালি, যুক্তরাষ্ট্রের সিনেটর ডারবিন

বাকি অংশ **নরওয়েতে ড. ইউনূস:/ ১০ পাতায়**

সম্পর্কিত ফীচার:

▣ দুই কালে দু'নোবেল পুরস্কার বাঙলার ঘরে: রবীন্দ্রনাথের পতিসরের কৃষি উন্নয়ন ব্যাংক আজকের যে ড. মুহাম্মদ ইউনুস এর জোবরা গ্রামের গ্রামীণ ব্যাংক – কামালউদ্দিন:.............পৃ ৪

▣ নোবেল পুরস্কারের ব্যবহার – ড. কাজী নাসির উদ্দীন.....পৃ ৪

মুক্তমঞ্চ

একুশ প্রতিবেদন

"একুশ" এর জন্ম তারিখ ২১ ফেব্রুয়ারী, ২০০৫। আর প্রায় এক বছর হতে চললো জন্মের। একুশ সম্পর্কে আপনাদের ভাল লাগা, মন্দ লাগা, মতামত, মন্তব্যের জন্যে সকল পাঠক সমাজকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। কমিউনিটির মানুষের কথা মাথায় রেখেই আত্মপ্রকাশ করেছে এই 'একুশ'। কিছুটা হলেও যাতে প্রবাসে বসে প্রবাসী মানুষদের জন্য কিছু করতে পারি। প্রবাসীর মানুষজনই আমাদের কাছে প্রধান, যার ফলশ্রুতিতে কমিউনিটির মানুষের সামাজিক কর্মকান্ড, ব্যক্তিগত অনুষ্ঠানাদি আমাদের পত্রিকায় বিশেষভাবে অগ্রাধিকার পেয়ে থাকে। দেশের সার্বিক পরিস্থিতিসহ রাজনৈতিক সংবাদ থেকে শুরু করে প্রবাসীর আগামী প্রজন্মের সাফল্য – সব কিছুই আমাদের কাছে বড় হয়ে দেখা দেয়। প্রবাসের এই নতুন প্রজন্মরা যখন দেশের বিভিন্ন খবর পড়ে দেশ সম্পর্কে ভাববে, দেশের উন্নতির কথা চিন্তা করবে এবং তারি পরিপ্রেক্ষিতে মূলধারায় গিয়ে দেশের জন্য কিছু করার প্রচেষ্টা চালাবে, তখনি হবে একুশ–এর সবচেয়ে পাওয়া। তাই আমরা প্রবাসীর কমিউনিটির জন্যে আমাদের সাধ্যমতো চেষ্টা চালিয়ে যেতে চাই পত্রিকার পাতায়, পত্রিকার মাধ্যমে।

আমরা বলতে চাই – প্রবাসে যেখানে আশা আছে, আলোর সন্ধান করার সুযোগ আছে, সেখানে একুশ–এর মূল উদ্দেশ্য হলো সেই আলোকিত পথে নতুন প্রজন্মদেরকে এগিয়ে নিয়ে যাওয়া, কমিউনিটির মাঝে সুন্দর পরিবেশ তৈরীর, যাতে একত্রে সবাই সুন্দরভাবে বসবাস করে। মানুষের মাঝে আলোর ঠিকানা পাইয়ে দেওয়া যাতে আলোকিত মানুষ হয়ে তাদের মনের প্রসার ঘটে। সে চিন্তা–ভাবনাকে সামনে রেখে একুশ একটি 'মুক্তমঞ্চ' তৈরী করতে যাচ্ছে এবং এর মূল লক্ষ্য হলো – একত্রে বিভিন্ন বিষয় নিয়ে আলাপ আলোচনা, যেখানে শিল্পী, লেখক, সাংবাদিক, কবি,

বাকি অংশ মুক্তমঞ্চ / **৯ পাতায়**

লস এঞ্জেলেসে বালার পুন: জাগরনের প্রচেষ্টা

নিজস্ব প্রতিনিধি : লস এঞ্জেলেসে বিগত এক দশক কমিউনিটির প্রতিনিধিত্বকারী সংগঠন নেই। ১৯৯৭ সালের পর থেকে একমাত্র বৃহত্তর সংগঠন বাংলাদেশ এসোসিয়েশন অব লস এঞ্জেলেস (বালা)–এর আভ্যন্তরীণ কোন্দলের সূত্র ধরে একপক্ষ অপর পক্ষের বিরুদ্ধে কোর্টের শরণাপন্ন হয়। কোর্ট অবশেষে ১৮ জানুয়ারি ১৯৯৯ সালে উভয় পার্টিকে সেটেলমেন্ট এগ্রিমেন্ট এন্ড রিলিসের মাধ্যমে এই সিদ্ধান্ত প্রদান করেন যে, পরবর্তী ১৯৯৮–২০০০ সালের নির্বাচন বালার সংবিধান অনুযায়ী ইলেকশন কমিশন কর্তৃক সংগঠনের কার্যকরী পরিষদ নির্বাচনের মাধ্যমে দায়িত্ব গ্রহণ করবে। ইলেকশন কমিশন ১১ সদস্য বিশিষ্ট হবে এবং তার মধ্যে উভয় পক্ষ থেকে ৫ জন করে মোট ১০ জন ইলেকশন কমিশনার নির্বাচিত করার নির্দেশ প্রদান করেন কোর্টে। সেই মোতাবেক এক পক্ষে ছিলেন (৫ জন) : মোহম্মদ আবেদ, সাদ চৌধুরী, রানা হাসনাত, খায়রুল ইসলাম মিঞা ও দিলশাদ রহমান। অপর পক্ষে ছিলেন (৫ জন) : সাব্বির আহমেদ, আতিক আনোয়ার, মোহাম্মদ এম. হক (মৃত), সাইফুর রহমান ওসমানি জিতু, সফর মনসুর তারেক। এই উভয় পার্টির সম্মতিক্রমে বাবুল ডি. খান (বি.ডি. খান) ইলেকশন কমিশনার গঠন করে কোর্ট তাদের উপর নির্বাচন পরিচালনার মাধ্যমে নবনি-যুক্ত পরিষদ গঠন করে বালার সংকটময় পরিবেশ থেকে সুষ্ঠ ও উন্নয়নমূলক কার্যকর ক্ষেত্র সৃষ্টির নির্দেশ প্রদান করে। সেই নির্দেশ আজও অবধি এই নির্বাচনী কমিশন কার্যকরী না করায় স্থানীয় পত্রিকা একুশের মাধ্যমে বালার সংলাপ শুরু হয়। এবং গত ১০ ডিসেম্বর (রোববার) বিকাল ৩টায় শ্যাটো রিক্রিয়েশন সেন্টারে 'মুখোমুখি সংলাপ' হিসাবে টাউন হল মিটিং শুরু হয়েছে। উক্ত মুখোমুখি সংলাপে উপস্থিত সকল প্রবাসী এক সিদ্ধান্তে উপনীত হয় যে, বৃহত্তর লস এঞ্জেলেসের ৪০ হাজার মানুষের প্রতিনিধিত্বমূলক সংগঠন বালার পুনউত্থান করা হোক।

বাকি অংশ বালা / **৯ পাতায়**

নতুন চার উপদেষ্টা নিয়োগ

ড. আকবর আলী খান, হাসান মশহুদ চৌধুরী, সিএম শফি সামী ও সুলতানা কামালের পদত্যাগপত্র গৃহীত:

পদত্যাগকারী চার উপদেষ্টাকে ফিরিয়ে আনার উদ্যোগ ব্যর্থ হয়ে যাবার পর মঙ্গলবার রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা প্রফেসর ইয়াজউদ্দিন আহম্মেদ শূন্য পদে চার জন উপদেষ্টা নিয়োগ দিয়েছেন। এ বিষয়ে রাষ্ট্রপতি কোন রাজনৈতিক দল কিংবা উপদেষ্টা পরিষদের অন্য কোন সদস্যের সাথে আলাপ করেননি।

বঙ্গভবনে প্রেসিডেন্ট অধ্যাপক ডঃ ইয়াজউদ্দিন আহম্মেদ গতকাল দুপুরে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে নতুন উপদেষ্টা হিসেবে মেজর জেনারেল (অবঃ) রুহুল আলম চৌধুরী, বেসরকারি মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠান আশা'র প্রধান নির্বাহী শফিকুল হক চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের অধ্যাপক মোঃ মঈন উদ্দিন খানকে শপথ বাক্য পাঠ করান। এরপর সন্ধ্যা সাড়ে সাতটায় সাবেক সচিব ও রাজস্ব বোর্ডের চেয়ারম্যান ডঃ শোয়েব আহমদকে পৃথকভাবে শপথ পাঠ করেন। নতুন উপদেষ্টা নিয়োগের আগে রাষ্ট্রপতি সোমবার পদত্যাগকারী চারজন উপদেষ্টা ডঃ আকবর আলী খান, হাসান মশহুদ চৌধুরী, সি এম শফি সামী ও সুলতানা কামালের পদত্যাগপত্র আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন।

শপথ গ্রহণের পর নতুন উপদেষ্টারা সাংবাদিকদের কাছে প্রতিক্রিয়া ব্যক্ত করেন। মেজর জেনারেল (অবঃ) রুহুল আলম চৌধুরী বলেন, জাতির সামনে এখন একমাত্র চ্যালেঞ্জ হচ্ছে অবাধ ও সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করা। এই চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারব বলে আমার দৃঢ় বিশ্বাস। উল্লেখ্য, চট্টগ্রামের বাসিন্দা জেনারেল রুহুল আলম ১৯৯৬ সালের মে মাসে ব্যর্থ সেনা অভ্যুত্থানের সময়ে তৎকালীন রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের সামরিক সচিব ছিলেন।
সন্ধ্যায় শপথ গ্রহণের পর উপদেষ্টা ডঃ শোয়েব আহমদ বঙ্গভবনের গেটে সাংবাদিকদের বলেন, সবার আগে দেশ।

'কন্স্যুলেটের সঙ্গে কমিউনিটির মানুষের একাত্ম হয়ে ও যৌথ উদ্যোগ পার্টনারশীপ কর্মকাণ্ড করতে পেরে আমি আনন্দিত'

লস এঞ্জেলেসের কনসাল জেনারেলের বিদায় সংবর্ধনা

গত ৯ নভেম্বর (শনিবার) সন্ধ্যায় লস এঞ্জেলেসের কনসাল জেনারেলের বাসভবনে জনাব মোঃ সামসুল হক সাহেবের বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠিত হয়। মোঃ সামসুল হক জানুয়ারির কোনো এক সময় বাংলাদেশে ফিরে গিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করবেন এবং সেখান থেকেই নতুন কনসাল জেনারেলের আগমন হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডাইরেক্টর জনাব আবু জাফর হবেন লস এঞ্জেলেসের নতুন কনসাল জেনারেল। গত দেড় বছর যাবত কনসাল হয়ে আসার পর লস এঞ্জেলেসে অনেক পরিবর্তন ও নতুনত্বের কথা উল্লেখ করে বিদায়ী ভাষণে জনাব সামসুল হক বলেন, কন্স্যুলেটের সঙ্গে কমিউনিটির মানুষের একাত্ম হয়ে ও যৌথ উদ্যোগ পার্টনারশীপ কর্মকাণ্ড করতে পেরে আমি আনন্দিত হয়েছি। লস এঞ্জেলেসের প্রবাসী কমিউনিটি আমাকে যেভাবে সাহায্য ও সহযোগিতা করেছেন তার জন্য আমি কৃতজ্ঞ। আমি আসার পর অনেক কল্যাণকর ঘটনা ঘটেছে কমিউনিটির মধ্যে। উল্লেখযোগ্য হলো একুশ পত্রিকা ও ইউএস বাংলাদেশ বিজিনেস ফোরাম।
বিদায়ী সংবর্ধনায় উপস্থিত ছিল বিভিন্ন দেশের কনসাল জেনারেল ও সিটির কর্মকর্তাবৃন্দসহ প্রবাসের গণ্যমান্য ব্যক্তিবর্গ। উপস্থিতির মধ্যে ছিলেন জুডি চু, অ্যাসেম্বেলি মেম্বার, ৪৯ ডিস্ট্রিক্ট, কনসাল জেনারেল অব দ্যা রিপাবলিক অব কেনিয়া, কনস্যুলেট জেনারেল অব পৃ. ২

সম্পর্কিত ফীচার:

▣ 'ভালবাসার সেতুবন্ধন': সচিত্র রিপোর্ট:–মামুনরিয়াজী. পৃ ১০

ভিতরের পাতায়

লস এঞ্জেলেসে সাহিত্য চর্চা.......পৃষ্ঠা ৪
আরকার কলাম ....পৃষ্ঠা ৪
আরা আহমেদের কলাম
ফ্যাশন / ঈদের সাজসজ্জা / ঈদের রান্না ....পৃষ্ঠা ১১
লস এঞ্জেলেসের কোথায় কি হচ্ছে ....পৃষ্ঠা ২
ক্যালিফোর্নিয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই–এর কথা ....পৃষ্ঠা ৯
বাংলাদেশী ফুড–এর অল ইউ ক্যান ইট লাঞ্চ বুফে ....পৃষ্ঠা ৩
বাংলাদেশী নতুন প্রজন্মের কবিতা পয়েট্রি ডট কমে নির্বাচিত হয়েছে ......পৃষ্ঠা ৯
বিজয় দিবসের আয়োজন ....পৃষ্ঠা ৮
নতুন ফ্রী ইন্টারন্যাশনাল ডায়ালিং...পৃষ্ঠা ৬

সম্পাদকীয়:

নতুন আঙ্গিকে সম্পাদকীয় আলোকপাত: ....পৃষ্ঠা ৪
মিলু ভাইয়ের প্রথম মৃত্যুবার্ষিকী পৃ...৯

বিনোদন ও নিত্যদিন

নতুন বিভাগ ......পৃষ্ঠা ৬

লস এঞ্জেলেসে সাহিত্য চর্চা

লস এঞ্জেলেসে প্রবাসীদের মাঝে শিল্পী সাহিত্য ও সাংস্কৃতিক চর্চা বেশি দিনের নয় ....পৃষ্ঠা ৯

কনজিউমার রিপোর্ট

ক্রেডিট কার্ড বিড়ম্বনা থেকে বাঁচার টিপস
ওয়ারেন্টি না সার্ভিসিং : বেছে নিবেন কোনটি?
কম টিপসের মূল্যবান শিক্ষা.......পৃষ্ঠা ৭